গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর,
মহাখালী, ঢাকা-১২১২।

স্মারক নং-স্বাঃ অধিঃ/প্রশা-২/৩য় শ্রেণী নিয়োগ-২/২০১৮/৩৫২৭

তারিখ: ০৬/০৮/২০১৮ খ্রিঃ।

নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাপকম/প্রশা-১/২সি-০৭/২০০৬ (অংশ-১)/৪৪৪, তারিখঃ- ২০.০৩.২০১২ এর পরিপত্র মোতাবেক স্বাস্থ্য অধিদপ্তরাধীন নিম্নেবর্ণিত সিভিল সার্জনের দপ্তর ও অধীনস্থ দপ্তর সমূহে , পরিচালক (স্বাস্থ্য) এর কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী, বক্ষব্যাধি হাসপাতালরাজশাহী, মেডিকেল সাব ডিপো, রাজশাহী,২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল মেহেরপুর, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, কুষ্টিয়া এর স্হায়ী রাজস্ব/অস্থায়ী রাজস্ব খাতের বিভিন্ন গ্রেড ভিত্তিক শুন্য পদে জনবল নিয়োগের জন্য বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারী, ২০১৮ অনুযায়ী নিম্নোক্ত শর্তাদি স্বাপেক্ষে অনলাইন (Online) এ দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নম্বর	পদের নাম	গ্রেড ও বেতন স্কেল	মোট পদ	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	জেলার নাম
১	হেলথ এডুকেটর	গ্রেড-১১ ১২৫০০-৩০২৩০/-	০১ (এক)	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বা জীব বিজ্ঞান অনুষদভুক্ত যে কোন বিষয়ে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী অথবা কোন স্বীকৃত ইনষ্টিটিউট হইতে স্বাস্থ্য শিক্ষায় এমপিএইচ ডিগ্রী। (খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।	শেরপুর।
২	পরিসংখ্যানবিদ	গ্রেড-১৪ ১০২০০-২৪৬৮০/-	১৪ (চৌদ্দ)	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান, গনিত, অর্থনীতি বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী। (খ) কম্পিউটার চালনায় দক্ষতা। (গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।	ফেনী, মুন্সিগঞ্জ, বগুড়া, মাদারীপুর, জয়পুরহাট।
৩	সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর	গ্রেড-১৪ ১০২০০-২৪৬৮০/-	০২ (দুই)	এইচএসসি/সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি বাংলা প্রতি মিনিটে ২৫ শব্দ এবং ইংরেজী প্রতি মিনিটে ৩০ শব্দ।	মাদারীপুর, পরিচালক (স্বাস্থ্য) এর কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৪	কোল্ড চেইন টেকনিশিয়ান	গ্রেড-১৫ ৯৭০০-২৩৪৯০/-	০১ (এক)	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে রিফ্রিজারেশন বা এয়ার কন্ডিশনিং ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ। (খ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।	ঠাকুরগাঁও।
৫	কিটতত্বীয় টেকনিশিয়ান	গ্রেড-১৫ ৯৭০০-২৩৪৯০/-	০১ (এক)	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে জীববিজ্ঞানসহ বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।	ঠাকুরগাঁও।
৬	ষ্টোর কিপার	গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০/-	২০ (বিশ)	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। (খ) সরকারী বিধি অনুযায়ী জামানত প্রদান করিতে হইবে। (গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।	শেরপুর, মাদারীপুর, ফেনী, পঞ্চগড়, মুন্সিগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া,জয়পুরহাট।
৭	অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০/-	১৫ (পনের)	এইচ.এস.সি/সমমান পরীক্ষায় পাশ সহ কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং/ ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি বাংলা প্রতি মিনিটে ২০ শব্দ ও ইংরেজী প্রতি মিনিটে ২০ শব্দ।	শেরপুর, বগুড়া,মাদারীপুর, জয়পুরহাট, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল মেহেরপুর, মেডিকেল সাব ডিপো, রাজশাহী, বক্ষব্যাধি হাসপাতাল, রাজশাহী, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, কুষ্টিয়া।
৮	স্বাস্থ্য সহকারী	গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০/-	২৬৩ (দুইশত তেষট্টি)	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। (খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।	শেরপুর, ফেনী, পঞ্চগড়, ঠাকুরগাঁও, মুন্সিগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, মাদারীপুর, জয়পুরহাট।
৯	ওয়ার্ড মাষ্টার	গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০/-	০৩ (তিন)	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। (খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।	২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর, বক্ষব্যাধি হাসপাতাল, রাজশাহী।

আবেদনের শর্ত ও নিয়মাবলী:

১. আগ্রহী পদ প্রার্থীগণ http://dghsr.teletalk.com.bd এ ওয়েবসাইটে Online -এ আবেদনপত্র প্রেরন করতে পারবেন। ওয়েবসাইটে প্রকাশিত নির্দেশিকা মোতাবেক ফরম পূরণ করতে হবে।

২. নিয়োগ ও কোটা নির্ধারণের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধিবিধান প্রতিপালিত হবে।

৩. প্রার্থীগণ স্ব-স্ব জেলার সিভিল সার্জন বরাবর আবেদন করবেন।পরিচালক (স্বাস্থ্য) এর কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী, মেডিকেল সাব ডিপো, রাজশাহী এর প্রার্থীগণ পরিচালক (স্বাস্থ্য) রাজশাহী বিভাগ,রাজশাহী এর বরাবর, বক্ষব্যাধি হাসপাতাল, রাজশাহী এর প্রার্থীগন চিকিৎসা তত্ত্বাবধায়ক, বক্ষব্যাধি হাসপাতাল, রাজশাহী বরাবর,২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর এর প্রার্থীগণ তত্ত্বাধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর বরাবর, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল,কুষ্টিয়া এর প্রার্থীগণ তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, কুষ্টিয়া বরাবর আবেদন করবেন।

৪. আবেদনকারীর বয়স ০১/০৭/২০১৮ ইং তারিখে সর্বনিম্ন ১৮ (আঠার) এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বৎসর হতে হবে। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/প্রতিবন্ধিদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বৎসর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহনযোগ্য নহে।

৫. আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

(i)Online-এ আবেদন ফরম পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০৯/০৮/২০১৮ সকাল ১০.০০ টা হতে।

(ii) Online-এ আবেদন জমাদানের শেষ তারিখ ও সময় ২৯/০৮/২০১৮ বিকাল ৪.০০ টা পর্যন্ত।

(iii) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online -এ আবেদন Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস-এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

৬. Online আবেদন পত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ ×প্রস্থ ৩০০) pixel এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ ×প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ kb ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ kb এর মধ্যে হতে হবে।

৭. Online-এ আবেদন পত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit-করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। পুনঃপূরনকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

৮. প্রার্থী Online-এ পূরনকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

৯. SMS প্রেরনের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান; Online-এ আবেদন পত্র (Appliction Form) যথাযথ ভাবে পূরন করে নির্দেশনামতে ছবি এবং Signature upload করে আবেদন পত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Appliction Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID,ছবি এবং স্বাক্ষর যুক্ত একটি Applicant's Copy পাবেন।

উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১০০/- টাকা, Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/- টাকা মোট ১১২/- টাকাঅনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষ ভাবে উল্লেখ্য, "Online -এ আবেদন পত্রের সকল অংশ পূরন করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online -এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS: DGHSR<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: DGHSR ABCDEF

Reply: Applicant's Name, Tk..... will be charged as applicationfee.
Your PIN is 12345678. To pay fee Type DGHSR<Space>Yes<Space> PIN and send to 16222.

দ্বিতীয় SMS: DGHSR<space> YES <space> PIN লিখে Send করতে হবে16222 নম্বরে।

Example:DGHSR YES 12345678

Reply:Congratulations Applicant's Name,payment completed
succeessfully for DGHSR Application for xxxxxxxxxxxxx User ID is
(ABCDEF) and Password (xxxxxxxx).

১০. প্রবেশ পত্র প্রাপ্তির বিষয়টি http://dghsr.teletalk.com.bdঅথবা www.dghs.gov.bd এরওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনায় তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

১১. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশ গ্রহনের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

১২. প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক লিখিত এবং মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রসমূহের মূলকপি প্রদর্শন করতে হবে এবং এক কপি সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। সকল সত্যায়ন/প্রত্যায়ন সরকারী প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সম্পাদিত হতে হবে।

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি।

(খ) প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার জ্ঞানের সমর্থনে সনদের সত্যায়িত কপি।

(গ) চাকুরীর আবেদন ফরমে উল্লিখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তা সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা উল্লেখ করতঃ) জাতীয়তা সনদপত্রের মূল/সত্যায়িত কপি।

(ঘ) প্রথম শ্রেণীর গেজেডেট কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ঙ) মুক্তিযোদ্ধার সন্তান, সন্তানদের সন্তান কোটায় আবেদনকারীকে মুক্তিযোদ্ধার সহিত সম্পর্ক বিষয়ে মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/ইউ.পি চেয়ারম্যান এর সনদপত্র সংযুক্ত করিতে হইবে।

(চ) উপজাতী ও অন্যান্য কোটা ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

(ছ) শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত শারীরিক প্রতিবন্ধী সম্পর্কিত সত্যায়িত ফটোকপি।

১৩. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরন করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে DGHSR<space>Help<space>User<space>User ID & Send to 16222
Example: DGHSR HELP USER ABCDEF

ii) PIN Number জানা থাকলে:DGHSR<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222
Example:DGHSR HELP PIN 12345678

১৪. প্রার্থী যে জেলার পদের জন্য আবেদন করবেন সেই জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে প্রার্থীকে যে ওয়ার্ডের (পুরাতন) পদের জন্য আবেদন করবেন সে ওয়ার্ডের (পুরাতন) বাসিন্দা হতে হবে। একই ইউনিয়নের অন্য ওয়ার্ডের বাসিন্দাগণ আবেদন করতে পারবেন, তবে সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দা যোগ্য প্রার্থী পাওয়া গেলে অন্য ওয়ার্ডের প্রার্থীদের বিবেচনা করা হবে না।

১৫. স্বাস্থ্য সহকারীর শুন্য পদের তালিকা (ওয়ার্ড, ইউনিয়ন, উপজেলা ভিত্তিতে) সিভিল সার্জন অফিস এবং উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার কার্যালয়ে পাওয়া যাবে।

১৬. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন ও পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৭. প্রার্থীকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশ গ্রহনের জন্য কোন দৈনিক ভাতা ও যাতায়ত ভাতা দেয়া হবে না।

১৮. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিযোগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

(ডাঃ এ বি এম, মুজহারুল ইসলাম)
পরিচালক (প্রশাসন)
মহাপরিচালকের পক্ষে
স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা।